স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
ডায়েরি নং ও তারিখ: ২৭/১/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর।
স্থানীয় সরকার শাখা
www.sherpur.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ০৫.৪৫.৮৯০০.০০৭.১৬.০১৪.১৫- ৪৭

তারিখ ঃ ২৯ মাঘ ১৪২৯ / ১২ ফেব্রুয়ারি ২০২৩

বিষয় ঃ উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর কর্তৃক ১২-০২-২০২৩ তারিখে নন্নী ইউনিয়ন পরিষদ পরিদর্শন প্রতিবেদন।

১২-০২-২০২৩ তারিখে নালিতাবাড়ী উপজেলাধীন নন্নী ইউনিয়ন পরিষদ পরিদর্শন করি। পরিদর্শনকালে ইউপি চেয়ারম্যান জনাব মো: বিল্লাল হোসেন চৌধূরী ইউনিয়ন পরিষদে উপস্থিত ছিলেন। ইউপি সচিব জনাব মো: খোরশেদ আলম, পরিষদের সকল সদস্য, গ্রাম পুলিশগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনের নিমিত্ত জনাব মো: খোরশেদ আলম, ইউপি সচিব নথিপত্রাদি ও সংশ্লিষ্ট রেজিস্টারাদি উপস্থাপন করেন।

হাজিরা বহি ঃ

নির্ধারিত রেজিস্টারে হাজিরা বহি হিসেবে সংরক্ষণ করা হচ্ছে। পৃষ্ঠা নম্বর ও প্রত্যয়ন আছে। ইউপি সচিব নিয়মিত উপস্থিত থেকে হাজিরায় স্বাক্ষর করছেন। চেয়ারম্যান হাজিরা পরীক্ষান্তে নিয়মিত স্বাক্ষর করছেন।

পত্র প্রাপ্তি রেজিস্টার ঃ

নির্ধারিত রেজিস্টারে পত্র প্রাপ্তি রেজিস্টার হিসাবে ব্যবহার করা হচ্ছে। রেজিস্টারে পৃষ্ঠা নম্বর ও প্রত্যয়ন আছে। রেজিস্টার পর্যালোচনায় দেখা যায়, ১২-০২-২০২৩ পর্যন্ত মোট ০৮টি পত্র গ্রহণ করে রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়েছে। পত্র প্রাপ্তি রেজিস্টারের সকল কলামগুলো যথাযথ পূরণের জন্য পরামর্শ প্রদান করা হলো।

পত্র জারী রেজিস্টার ঃ

নির্ধারিত রেজিস্টারে পত্র জারী রেজিস্টার হিসাবে ব্যবহার করা হচ্ছে। রেজিস্টারে পৃষ্ঠা নম্বর ও প্রত্যয়ন আছে। রেজিস্টার পর্যালোচনায় দেখা যায়, ১২-০২-২০২৩ পর্যন্ত মোট ১৩টি পত্র জারী করা হয়েছে। পত্র জারী রেজিস্টারের সকল কলামগুলো যথাযথ পূরণের জন্য পরামর্শ প্রদান করা হলো।

ক্যাশ বহি ঃ

নির্ধারিত রেজিস্টারে জন্মনিবন্ধন, সাধারন ক্যাশ ও ভূমি হস্তান্তর কর ক্যাশ বহি সংরক্ষণ করা হচ্ছে। রেজিস্টারে পৃষ্ঠা নম্বর ও প্রত্যয়ন আছে। ক্যাশ বহিতে লেনদেনের তথ্য লিপিবদ্ধ করার পর ইউপি সচিব ও চেয়ারম্যান স্বাক্ষর করেছেন। ক্যাশ বহি পর্যালোচনায় দেখা যায়, ৩১-১২-২০২২ তারিখে জন্মনিবন্ধন রেজিস্টারে ৫২০/-, টাকা, সাধারণ ক্যাশ ৬৬,০০০/- টাকা ব্যাংকে স্থিতি রয়েছে। ক্যাশ বহি হালনাগাদ করা হয়নি। ক্যাশ বহি হালনাগাদ করার জন্য ইউপি সচিবকে নির্দেশ প্রদান করা হলো।

ট্যাক্স এসেসমেন্ট ঃ

রেজিস্টার পর্যালোচনায় দেখা যায়, ২০২২-২০২৩ অর্থ বছরে ১,৩০,৯০০/- টাকা আদায় করা হয়। বকেয়া টাকা আদায় করার জন্য ইউপি সচিবকে নির্দেশ প্রদান করা হলো।

এলজিএসপি প্রকল্পের ক্যাশ বহি ঃ

এলজিএসপি-৩ প্রকল্পের রেজিস্টার ক্যাশ বহি সংরক্ষণ করা হচ্ছে । রেজিস্টারে পৃষ্ঠা নম্বর ও প্রত্যয়ন আছে। ক্যাশ বহিতে লেনদেনের তথ্য লিপিবদ্ধ করার পর ইউপি সচিব ও চেয়ারম্যান স্বাক্ষর করেছেন। ক্যাশবহি পর্যালোচনায় দেখা যায়, ২৯-১২-২০২২ তারিখ পর্যন্ত হালনাগাদ করা হয় কোন স্থিতি নেই। দিনের ক্রমানুসারে নিয়মিত ক্যাশ বহিতে লিপিবদ্ধ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ: ২৬/১২
নম্বর: ১৭০২

স্থানীয় সরকার বিভাগ
মহাপরিচালকের দপ্তর
১) যুগ্মসচিব (পরিঃ অধিঃ-১) ১) পরিকল্পনা-১/২/৩
২) যুগ্মসচিব (পরিঃ অধিঃ-২) ২) মনিটরিং-১/২/৩
৩) যুগ্মসচিব (৯ও মু) ৩) মূল্যায়ন-১/২/৩
৪) পরিচালক-১ ৪) পরিদর্শন
৫) পরিচালক-২
ডাইরী নং
তারিখঃ ২৬.০১
স্বাক্ষর

মনিটরিং- (১/২/৩)
মূল্যায়ন- (১/২/৩)
নম্বর-
তারিখ-
যুগ্মসচিব

স্থাসবিঃ মনিটরিং-৩ শাখা
ডায়রী নং- ৭৯
তারিখ- ৫/৪/২৩

ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম ঃ

নির্ধারিত রেজিস্টারে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম লিপিবদ্ধ করা হচ্ছে। রেজিস্টারে পৃষ্ঠা নম্বর ও প্রত্যয়ন আছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে স্থানীয় জনগণ কাঙ্খিত সেবা পাচ্ছেন মর্মে জানা যায়। কম্পিউটার প্রশিক্ষণ অব্যাহত রাখার জন্য উদ্যোক্তাগণকে পরামর্শ প্রদান করা হলো। ডিজিটাল বাংলাদেশের লক্ষ্য নিয়ে জনগণের  সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।

সম্পদ ও সম্পত্তি রেজিস্টারঃ

নির্ধারিত রেজিস্টারে সম্পদ ও সম্পত্তি রেজিস্টার হিসাবে ব্যবহার করা হচ্ছে। রেজিস্টারে পৃষ্ঠা নম্বর ও প্রত্যয়ন আছে। রেজিস্টার পর্যালোচনায় দেখা যায়, সম্পদ ও সম্পত্তি রেজিস্টারটি হালনাগাদ আছে।

গ্রাম আদালত মামলার রেজিস্টার ঃ

নির্ধারিত ফরমের রেজিস্টার গ্রাম আদালত রেজিস্টার হিসেবে ব্যবহার করা হচ্ছে। রেজিস্টারে পৃষ্ঠা নম্বর ও প্রত্যয়ন আছে। রেজিস্টার পর্যালোচনায় দেখা যায়, বর্তমানে গ্রাম আদালতে ০৪টি মামলা রুজু করা হয়েছে। বর্তমানে ০৩টি মামলা চলমান রয়েছে ও ০১টি মামলা নিস্পত্তি করা হয়েছে। নিয়মিত গ্রাম আদালত পরিচালনার মাধ্যমে মামলা নিস্পত্তি পদক্ষেপ গ্রহণের জন্য চেয়ারম্যানকে পরামর্শ প্রদান করা হলো।

সার্বিক মন্তব্য ঃ  উক্ত ইউনিয়ন পরিষদের ট্যাক্স আদায়ে গতিশীলতা বৃদ্ধি করতে হবে। গ্রাম আদলতের মাধ্যমে মামলা নিস্পত্তি করতে ইউপি চেয়ারম্যানকে নির্দেশ প্রদান করা হলো। ট্যাক্স আদায়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি সচিবকে  নির্দেশ প্রদান করা হলো। পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর ব্রডশীট জবাব প্রেরণ করতে হবে।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ তোফায়েল আহমেদ
উপপরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার
শেরপুর।
ফোন +৮৮০২৯৯৭৭৮১০২০

স্মারক নং- ০৫.৪৫.৮৯০০.০০৭.১৬.০১৪.১৫- 89

তারিখ ঃ ২৯ মাঘ ১৪২৯ / ১২ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, শেরপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
৬। চেয়ারম্যান, নন্নী ইউনিয়ন পরিষদ, নালিতাবাড়ী, শেরপুর।
৭। অফিস কপি।

12/02/23

মোহাম্মদ তোফায়েল আহমেদ
উপপরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার
শেরপুর।